

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
কারিগরি শাখা-৪  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)



নং-৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০২.১৯-১৩১

তারিখঃ ১২ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ  
২৫ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইনস্ট্রাক্টর (ডেসমেকিং এন্ড টেইলারিং) জনাব শিবু চন্দ্র তপাদার এর বিরুদ্ধে গত ১০/০৫/২০১৪ তারিখে ফেনী টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মকালীন হিন্দু থেকে মুসলিম ধর্মে ধর্মান্তরিত হয়ে বিবাহের প্রতারণার অভিযোগের কারণে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৩/২০১৯ রুজু করে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে তার দাখিলকৃত জবাব, ১৭/১২/২০১৯ খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি এবং সরকার পক্ষের বক্তব্য পর্যালোচনায় জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য জনাব রুহিমা আক্তার উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব শিবু চন্দ্র তপাদার, জুনিয়র ইনস্ট্রাক্টর (ডেসমেকিং এন্ড টেইলারিং), বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং পারিবারিক আলাপ-আলোচনার মাধ্যমে বিষয়টি আপোষ-মীমাংসা হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪ (১)(ক) অনুযায়ী 'লঘুদন্ডের' আওতায় বিধি ৪ (২) (ক) এ বর্ণিত 'তিরস্কার' দন্ড প্রদান করা হয় এবং ০১/০৮/২০১৯ তারিখের ৪৩০ সংখ্যক পত্রের তার সাময়িক বরখাস্তের আদেশটি প্রত্যাহার করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৩। এমতাবস্থায়, শিবু চন্দ্র তপাদার, জুনিয়র ইনস্ট্রাক্টর (ডেসমেকিং এন্ড টেইলারিং), বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং পারিবারিক আলাপ-আলোচনার মাধ্যমে বিষয়টি আপোষ-মীমাংসা হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪ (১)(ক) অনুযায়ী 'লঘুদন্ডের' আওতায় বিধি ৪ (২) (ক) এ বর্ণিত 'তিরস্কার' দন্ড প্রদান করা হলো এবং ০১/০৮/২০১৯ তারিখের ৪৩০ সংখ্যক পত্রের তার সাময়িক বরখাস্তের আদেশটি প্রত্যাহার করা হলো।

০৪। আদেশ জারীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ আমিনুল ইসলাম খান)  
সচিব

চলমান পৃষ্ঠা-২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (জনাব শিবু চন্দ্র তপাদার এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
০২. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৩. যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মাননীয় উপমন্ত্রী'র একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৮. অধ্যক্ষ, বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজ, বান্দরবান।
০৯. সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস/মাস্টার কপি।

  
তৌহিদুজ্জামান পাভেল  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৫৪৪৫